

## যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৩১৮

১/ বিবিধ

আরবী

من صلى ركعتين لا يراه إلا الله عز وجل والملائكة كانت له براءة من النار  
موضوع

رواه ابن عساكر (12/264/1) عن محمد بن مروان عن داود بن أبي هند عن أبي  
نضرة

عن جابر بن عبد الله مرفوعا  
قلت: وهذا موضوع، محمد بن مروان وهو السدي الصغير، قال الذهبي: "تركوه،  
واتهمه بعضهم بالكذب  
وقال الحافظ: "متهم بالكذب

وهذا الحديث مما سود به السيوطي "جامعه" مع الأسف، ومن الظاهر أن المناوي  
لم يقف على إسناد ابن عساكر، ولذلك لم يتعقبه بشيء، سوى أنه قال: "ورواه أيضا  
أبو الشيخ والديلمي، فاقتصار المصنف على ابن عساكر غير جيد  
وهذا التعقب ليس فيه كبير فائدة إلا لو كان من طريق أخرى، وهذا مما لم يبينه، أولم  
يعلمه، وإلا لوجب أن يبينه، ولذلك بيض في "التيسير" له

বাংলা

১৩১৮। যে ব্যক্তি দু'রাকাত সালাত আদায় করবে এমতাবস্থায় যে, তাকে আল্লাহ্ এবং ফেরেশতা ছাড়া অন্য কেউ দেখছে না তাহলে সে সালাত তার জন্য জাহান্নাম থেকে মুক্তির কারণ হয়ে যাবে।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি ইবনু আসাকির (১২/২৬৪/১) মুহাম্মাদ ইবনু মারওয়ান হতে, তিনি দাউদ ইবনু আবী হিন্দ হতে, তিনি আবু নাযরাহ হতে, তিনি জাবের ইবনু আদিল্লাহ হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীসটি বানোয়াট। মুহাম্মাদ ইবনু মারওয়ান হচ্ছেন সুদী আসসাগীর। হাফিয যাহাবী তার সম্পর্কে বলেনঃ তাকে মুহাদ্দিসগণ পরিত্যাগ করেছেন এবং কেউ কেউ তাকে মিথ্যা বর্ণনা করার দোষে দোষী সাব্যস্ত করেছেন।

হাফিয ইবনু হাজার বলেনঃ তিনি মিথ্যা বর্ণনা করার দোষে দোষী।

এ হাদীসটি সেই সব হাদীসের অন্তর্ভুক্ত যেগুলো উল্লেখ করার দ্বারা ইমাম সুয়ূতী "জামেউস সাগীর" গ্রন্থকে কালিমালিগু করেছেন। বাহ্যিকতা থেকে বুঝা যায় যে মানবী ইবনু আসাকির কর্তৃক বর্ণনাকৃত সনদ সম্পর্কে অবগত হননি আর এ কারণেই তিনি হাদিসটির কোন সমালোচনা করেননি। আর তিনি বলেছেনঃ হাদীসটিকে আবুশ শাইখ ও দায়লামীও বর্ণনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72197>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন